

পিতার নির্দেশে ছেলেদের পুনরায়

মিসরে গমন

ইউসুফ ও বেনিয়ামীনকে খুঁজে বের

করার জন্য ইয়াকুব (আঃ)

ছেলেদেরকে একপ কঠোর নির্দেশ

ইতিপূর্বে কখনো দেননি। তাঁর দৃঢ়তায়

ছেলেদের মধ্যেও আশার সঞ্চার হ'ল।

বেনিয়ামীন মিসরে থাকা নির্দিষ্ট ছিল।

কিন্তু ইউসুফের ব্যাপারে কোন আশা

ছিল না।

বলা হয়ে থাকে যে, إذا أراد الله أمرًا هيأ له

الأسباب 'আল্লাহ যখন কোন কাজের

ইচ্ছা করেন, তখন তার কার্যকারণ

সমূহ প্রস্তুত করে দেন'।

বেনিয়ামীনের উদ্দেশ্যে মিসর যাত্রার

মধ্যেই ইউসুফ উদ্ধারের বিষয়টি

লুকিয়েছিল, যেটা কারু জানা ছিল না।

তাই আল্লাহর ইচ্ছায় ভাইয়েরা সবাই

মিসরের উদ্দেশ্যে রওয়ানা হ'ল।

ইউসুফের সৎ ভাইয়েরা পিতার  
নির্দেশক্রমে মিসর পৌঁছল এবং  
'আযীযে মিছর'-এর সাথে সাক্ষাৎ  
করল। তারা তাঁর কাছে নিজেদের  
সাংসারিক অভাব-অনটনের কথা পেশ  
করল। এমনকি পণ্যমূল্য আনার মত  
সঙ্গতিও তাদের নেই বলে জানাল।  
তদুপরি পরপর দুই পুত্রকে হারিয়ে  
অতিবৃদ্ধ পিতার করুণ অবস্থার কথাও  
জানালো।

যেমন আল্লাহ বলেন,

فَلَمَّا دَخَلُوا عَلَيْهِ قَالُوا يَا أَيُّهَا الْعَزِيزُ مَسَّنَا وَأَهْلَانَا

الضَّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجَاةٍ فَأَوْفِ لَنَا الْكَيْلَ

وَتَصَدَّقْ عَلَيْنَا إِنَّ اللَّهَ يَجْزِي الْمُتَصَدِّقِينَ - (يوسف)

৳৳-(

‘অতঃপর যখন তারা ইউসুফের কাছে

পৌঁছল, তখন বলল, হে আযীয!

আমরা ও আমাদের পরিবার বর্গ কষ্টের

সম্মুখীন হয়েছি এবং আমরা অপরিপূর্ণ

পুঁজি নিয়ে এসেছি। আপনি

আমাদেরকে পুরোপুরি বরাদ্দ দিন এবং  
আমাদেরকে অনুদান দিন। আল্লাহ  
দানকারীদের প্রতিদান দিয়ে থাকেন'  
(ইউসুফ ১২/৮৮)। উল্লেখ্য যে, এখানে  
ছাদাক্বার অর্থ অনুদান এবং স্বল্প  
মূল্যের বিনিময়ে পুরোপুরি দান করা।